

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩০

(كتاب الجنائز عن رسول الله ﷺ) ٥٥/ कांकन-नांकन

পরিচ্ছেদঃ সূর্যোদয় ও সূর্যাস্তের সময় সালাতুল জানাযা মাকরহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الصَّلاَةِ عَلَى الْجَنَازَةِ عِنْدَ طُلُوعِ الشَّمْسِ وَعِنْدَ غُرُوبِهَا

## আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مُوسَى بْنِ عُلَىّ بْنِ رَبَاحٍ، عَنْ أَبِيهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرِ الْجُهَنِيّ، قَالَ ثَلاَثُ سَاعَاتٍ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَنْهَانَا أَنْ نُصَلِّيَ فِيهِنَّ أَوْ نَقْبُرَ فِيهِنَّ مَوْتَانَا حِينَ تَطْلُعُ الشَّمْسُ بَازِغَةً حَتَّى تَرْتَفِعَ وَحِينَ يَقُومُ قَائِمُ الظَّهِيرَةِ حَتَّى تَمِيلَ وَحِينَ يَقُومُ قَائِمُ الظَّهِيرَةِ حَتَّى تَمِيلَ وَحِينَ تَضَيَّفُ الشَّمْسُ لِلْغُرُوبِ حَتَّى تَغْرُبَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحْتَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ يَكْرَهُونَ الصَّلاَةَ عَلَى الْجَنَازَةِ فِي هَذِهِ السَّاعَاتِ . وَقَالَ ابْنُ عليه وسلم وَغَيْرِهِمْ يَكْرَهُونَ الصَّلاَةَ عَلَى الْجَنَازَةِ فِي هَذِهِ السَّاعَاتِ . وَقَالَ ابْنُ الْمُبَارِكِ مَعْنَى هَذَا الْحَديثِ أَنْ نَقْبُرَ فِيهِنَّ مَوْتَانَا . يَعْنِي الصَّلاَةَ عَلَى الْجَنَازَةِ . وكَرِهَ السَّعَلَى الْجَنَازَةِ عِنْدَ ظُلُوعِ الشَّمْسِ وَعِنْدَ غُرُوبِهَا وَإِذَا انْتَصَفَ النَّهَارُ حَتَّى تَزُولَ الشَّمْسُ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . قَالَ الشَّافِعِيُّ لاَ بَأْسَ بِالصَّلاَةِ عَلَى الْجَنَازَةِ فِي الْمَالَى الشَّاعَاتِ الَّتِي تُكْرَهُ فِيهِنَّ الصَّلاَةُ .

## বাংলা

১০৩০. হান্নাদ (রহঃ) ...... উকবা ইবনু আমির আল-জুহানী (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, তিনটি সময় এমন যেগুলোতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সালাত (নামায/নামাজ) আদায় করতে বা মৃতদের কবরে রাখতে নিষেধ করতেন, সূর্য যখন পরিস্কার হয়ে উঠত পূর্ণভাবে উদিত না হওয়া পর্যন্ত, ঠিক মধ্যা□□হ্নর সময় পশ্চিম দিকে সূর্য না হেলা পর্যন্ত, অন্তমিত হওয়ার দিকে ঝুকে যাওয়ার সময় পূর্ণভাবে অন্ত না যাওয়া পর্যন্ত। - ইবনু মাজাহ ১৫১৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৩০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদিসটি হাসান-সহীহ্। কোন কোন সাহাবী ও অপরাপর আলিম এই হাদিস অনুসারে আমল করেছেন। তারা এই সময়গুলোতে সালাতুল জানাযা আদায় করা মাকরহ মনে করেন। ইবনু মুবারক (রহঃ) বলেন, "নিষেধ করেছেন এই সময়গুলোতে মৃতদেরকে কবরে রাখতে"-এই বাক্যটির মর্ম হলো



সালাতুল জানাযা আদায় করতে নিষেধ করেছেন। সূর্যোদয়, সূর্যান্ত, ঠিক মধ্য⊔⊡হ্ন সূর্য পশ্চিমে না হেলা পর্যন্ত সালাত (নামায/নামাজ) মাকরহ। এ হলো ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত ইমাম শাফিঈ (রহঃ) বলেন, যে সময়সমূহে সালাত আদায় করা মাকরহ সে সময়সমূহে সালাতুল জানাযা আদায়ে কোন দোষ নেই।

## **English**

Uqbah bin Amir Al-Juhni narrated:

"There are three times that the Messenger of Allah prohibited us from performing Salat in, burying our dead in: When the sun's rising appears until it has risen up; when the sun is at the zenith until it passes, and when the sun begins its setting, until it has set."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন